সমকাল

# উত্তরা ইউনিভার্সিটিতে নারী দিবস উদযাপন

অনলাইন ডেস্ক

প্রকাশ: ০৯ মার্চ ২০২৪ | ০৮:৩০




'নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ' এই প্রতিপাদ্যে বিশ্বজুড়ে উদযাপিত হচ্ছে দিবসটি। এরই ধারাবাহিকতায় উত্তরা ইউনিভার্সিটির পাবলিক রিলেশন্স এবং ব্র্যান্ড-কমিউনিকেশনের উদ্যোগে শুক্রবার সকাল ১১টায় ইউনিভার্সিটির অডিটোরিয়ামে দিবসটি উদযাপন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী।

নারী দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, নারীদের উন্নয়ন, অগ্রগতি, সক্ষমতা, সুস্থতা এবং তাদেরকে উৎসাহিত করার কাজ করে যাচ্ছে উত্তরা ইউনিভার্সিটি।

অনুষ্ঠান শেষে উত্তরা বিশ্ববিদ্যালয়ে কর্মরত সব নারী কর্মকর্তা কর্মচারীদের বিশেষ উপহার প্রদান করা হয় ইউনিভার্সিটির অফিস অব পাবলিক রিলেশন্স এন্ড ব্র্যান্ড এন্ড কমিউনিকেশন এর পক্ষ থেকে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর হাসফিয়া বশিরউল্লাহ, প্রফেসর মমতাজ বেগম (প্রাক্তন ট্রেজারর), বাংলা বিভাগের উপদেষ্টা প্রফেসর আয়েশা বেগম, রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, স্কুল অব এডুকেশন এন্ড ফিজিক্যাল এডুকেশন বিভাগের ডিন মাহমুদা বেগম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শারমীন আক্তার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাডমিশন প্রমোশন এন্ড ব্র্যান্ড কমিউনিকেশনের বর্তমান ডিরেক্টর ও ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের চেয়ারম্যান কাজী তারেক উল্লাহ।